গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

১ নং কামারখালী ইউনিয়ন পরিষদ

মধুখালী, ফরিদপুর।

স্মারক নং:কামার/ইউপি/মধু/ফরিদ/২০২৩/ তারিখ: ২২/১০/২০২৩ ইং

নোটিশ

এতদ্বারা কামারখালী ইউনিয়ন উন্নয়ন সমন্বয় কমিটির সম্মানিত সকল সদস্যদেরকে জানানো যাচ্ছে যে, আগামী ২২/১০/২০২৩ ইং রোজ রবিবার সকাল ১১.০০ ঘটিকার সময় অত্র কামারখালী ইউনিয়ন পরিষদ কার্যালয়ে ইউনিয়ন উন্নয়ন সমন্বয় কমিটির সভা অনুষ্ঠিত হবে। উক্ত ইউনিয়ন উন্নয়ন সমন্বয় কমিটির সভায় আপনাদেরকে উপস্থিত থেকে মতামত প্রদান ও সিদ্ধান্ত গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হইল।
১। জনাব..,সদস্য
ইউনিয়ন উন্নয়ন সমন্বয় কমিটি (সকল)।
২। অফিস নথি।

সভাপতি

তারিখ: ২২/১০/২০২৩ খ্রিঃ
(মোঃ রাকিব হোসেন চৌধুরী)
চেয়ারম্যান
১ নং কামারখালী ইউনিয়ন পরিষদ
মধুখালী, ফরিদপুর।

স্মারক নং-কামার/ইউপি/মধু/ফরিদ/২০২৩/ তারিখঃ ২৬/১০/২০২৩

১ নং কামারখালী ইউনিয়ন পরিষদের ইউনিয়ন উন্নয়ন সমন্বয় কমিটির সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতিঃ মো: রাকিব হোসেন চৌধুরী, চেয়ারম্যান, কামারখালী ইউপি, মধুখালী, ফরিদপুর।
সভার স্থানঃ কামারখালী ইউনিয়ন পরিষদ হল রুম।
সভার তারিখঃ ২৬/১০/২০২৩ ইং রোজ বৃহস্পতিবার।

ক্রমিক নং	উপস্থিত সদস্যগণের নাম	পদবী	কমিটিতে পদবী	স্বাক্ষর	মন্তব্য
০১	জনাব মোঃ রাকিব হোসেন চৌধুরী	চেয়ারম্যান	সভাপতি	স্বাক্ষরিত	
০২	জনাব মোছাঃ মমতাজ বেগম	সংরক্ষিত মহিলা সদস্য-১,২,৩	সদস্য	স্বাক্ষরিত	
০৩	জনাব মোছাঃ জোহরা বেগম	সংরক্ষিত মহিলা সদস্য-৪,৫,৬	সদস্য	স্বাক্ষরিত	
০৪	জনাব মোছাঃ আছমা বেগম	সংরক্ষিত মহিলা সদস্য-৭,৮,৯	সদস্য	স্বাক্ষরিত	
০৫	জনাব মোঃ জসীম শেখ	ইউপি সদস্য-১	সদস্য	স্বাক্ষরিত	
০৬	জনাব মোঃ আলমগীর হোসেন	ইউপিসদস্য-২	সদস্য	স্বাক্ষরিত	
০৭	জনাব মোঃ ছরোয়ার ফকির	ইউপিসদস্য-৩	সদস্য	স্বাক্ষরিত	
০৮	জনাব মোঃ আছাদুজ্জামান মুন্সী	ইউপি সদস্য-৪	সদস্য	স্বাক্ষরিত	
০৯	জনাব মোঃ মতিয়ার রহমান	ইউপি সদস্য-৫	সদস্য	স্বাক্ষরিত	
১০	জনাব মোঃ আশরাফ মোল্যা	ইউপি সদস্য-৬	সদস্য	স্বাক্ষরিত	
১১	জনাব মোঃ আবুল কালাম আজাদ	ইউপি সদস্য-৭	সদস্য	স্বাক্ষরিত	
১২	জনাব মোঃ সাজেদুল ইসলাম দুলু	ইউপি সদস্য-৮	সদস্য	স্বাক্ষরিত	
১৩	জনাব মোঃ নুরুল ইসলাম মল্লিক	ইউপি সদস্য-৯	সদস্য	স্বাক্ষরিত	
১৪	জনাব মোঃ আজিজুল হক	উপ-সহকারী কৃষি কর্মকর্তা	সদস্য	স্বাক্ষরিত	
১৫		ভেটেরিনারি ফিল্ড এ্যাসিস্ট্যান্ড প্রাণিঃ	সদস্য	স্বাক্ষরিত	
১৬	জনাব রাকেশ মল্লিক	সহকারী স্বাস্থ্য কর্মকর্তা	সদস্য	স্বাক্ষরিত	
১৭	জনাব রনজিতা মিত্র	পরিবার কল্যাণ সহকারী	সদস্য	স্বাক্ষরিত	
১৮	জনাব মোছাঃ আকলিমা বেগম	ইউনিয়ন সমাজকর্মী, সমাজসেবা অধিদপ্তর	সদস্য	স্বাক্ষরিত	
১৯	জনাব কবিতা বকশী	ইউনিয়ন দলনেতা, আনসার ও ভিডিপি	সদস্য	স্বাক্ষরিত	
২০	জনাব মোঃ মাহবুবুর রহমান	ম্যারেজ রেজিস্টার (কাজী)	সদস্য	স্বাক্ষরিত	
২১.	জনাব নব কুমার দত্ত	শিক্ষক, বিদ্যালয় ব্যবস্থাপনা প্রতিনিধি	সদস্য	স্বাক্ষরিত	
২২.	জনাব মতিয়ার রহমান	মাঠ সংগঠক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড	সদস্য	স্বাক্ষরিত	
২৩.	জনাব মন্দিরা বোস	এনজিও প্রতিনিধি	সদস্য	স্বাক্ষরিত	
২৪.	জনাব মোঃ মনিরুজ্জামান চৌধুরী	স্থানীয় ব্যবসায়ী প্রতিনিধি	সদস্য	স্বাক্ষরিত	
২৫.	জনাব মোঃ এহছান আলী	ইমাম ও ধর্মীয় নেতাদের প্রতিনিধি	সদস্য	স্বাক্ষরিত	

অদ্যকার সভায় জনাব মোঃ রাকিব হোসেন চৌধুরী, চেয়ারম্যান সাহেব উপস্থিত সকলকে স্বাগত জানাইয়া সভাপতির আসন গ্রহন করলে সভার কার্য আরম্ভ করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। কোনো সংশোধনী না থাকায় উক্ত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ় করণ করা হয়।

ক্রমিক নং	আলোচ্যসূচী	আলোচনা	সিদ্ধান্ত	দায়িত্বপ্রাপ্ত সংস্থা/ব্যক্তি
০১.	কৃষি	সভায় জনাব মোঃ ওবায়দুর রহমান, উপ-সহকারী কৃষি কর্মকর্তা সাহেব জানান যে, সভাপতি সাহেব যে কমিটি পুর্নগঠন করার কথা জানান সেটায় আপনাদের সহযোগিতা একান্তভাবে চাচ্ছি। কৃষি কার্যক্রম যেনো সঠিকভাবে করতে পারি সেজন্য সকলকে সহযোগিতা করার কথা জানান। তিনি আরও বলেন যে, কৃষিতে যে প্রদর্শনী দেখানো হয় সেটা দেখানোর উদ্দেশ্য হলো যাতে তারা বুঝতে পারে ও সে মোতাবেক কাজ করতে তাদের সুবিধা হয়। তিনি আরও বলেন যে, যেহেতু তিনি নতুন তাই সকল সদস্যগণ যেনো কৃষির যে কোনো বিষয়ে তাকে সাহায্য করে। ফসলের চাষাবাদ করতে হবে। তাই সকলের উচিত সঠিক নিয়ম নীতি মেনে ফসলের চাষাবাদ করা উচিত বলে সকলকে পরামর্শ দেন।	নিয়মিত মাঠ পরিদর্শন করার জন্য ইউনয়ন উপসহকারী কৃষি কর্মকর্তাদের অনুরোধ জানানো হয়।	চেয়ারম্যান
০২.	আইন-শৃংখলা	সভায় সভাপতি সাহেব কামারখালী ইউনিয়নের আইন-শৃংখলা পরিস্থিতি সম্পর্কে উপস্থিত সকলের নিকট জানতে চায়। এক এক করে সকল ইউপি সদস্য তার এলাকার আইন শৃংখলার কথা জানান।	আইন-শৃংখলার কোন অবনতি ঘটলে তাৎক্ষনিক ভাবে আইন-শৃংখলা বাহিনীর নিকট জানানের জন্য সিদ্ধান্ত হয়। এছাড়াও গ্রামে গ্রামে পুলিশের পাহারা দেয়ার সিদ্ধান্ত হয়।	চেয়ারম্যান, ইউপি সদস্য ও গ্রাম পুলিশ।
০৩.	স্বাস্থ্য	সভায় জনাব রাকেশ মল্লিক জানান যে, কামারখালী ইউনিয়ন স্বাস্থ্য ও পঃ পঃ কেন্দ্রে গর্ভকালীন সেবা কার্ড নেওয়ার জন্য অনেকেই বাচ্চার পরিচয় গোপন করেন যেটা মোটেই কাম্য নয়। এক্ষেত্রে তারা মাঠ-পর্যায়ে খোজখবর নিয়ে থাকেন। তাদের মতে, যদিও তারা যাচাই-বাছাই করে কিন্তু এরপরও সভাপতি সাহেবকে এ বিষয়ে সকল ধরনের সহযোগিতা করার জন্য অনুরোধ জানান।	সভাপতি সাহেব সকল ধরনের সহযোগিতা করবেন বলে জানান।	চেয়ারম্যান
০৪.	জনস্বাস্থ্য	জনস্বাস্থ্য প্রকৌশল অফিসের কোন কর্মকর্তা উপস্থিত না থাকায় উক্ত বিষয়ে কোন আলোচনা হলোনা।	আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হলো	উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী, মধুখালী, ফরিদপুর।
০৬.	জন্ম ও মৃত্যু নিবন্ধন	ইউপি সচিব সাহেব জানান যে, ৪৫ দিনের মধ্যে জন্ম-মৃত্যু নিবন্ধন করা আইনে বলা আছে এবং না করলে ৫০০০/- টাকা জরিমানা ও শাস্তির বিধান আছে।	চেয়ারম্যান সাহেব বলেন বিষয়টি খুবই গুরুত্বপূর্ণ এবং এ বিষয়ে সকল ইউপি সদস্য, গ্রাম পুলিশ এবং স্বাস্থ্য কর্মীদের এ বিষয়ে এক সাথে কাজ করার অনুরাধ জানান।	চেয়ারম্যান
০৭.	বিবিধ	সভায় চেয়ারম্যান সাহেব জানান যে, কামারখালী ইউনিয়নের বাল্য বিবাহ ও নারী নির্যাতন প্রতিরোধ করা প্রয়োজন। এছাড়া তিনি সকল বিভাগকে সঠিকভাবে কাজ করার পরামর্শ দেন।	বাল্য বিবাহ ও নারী নির্যাতন বন্ধ করা হউক	চেয়ারম্যান ও ইউপি সদস্যবৃন্দ।

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সাহেব সকলকে ধন্যবাদ জানাইয়া সভার সমাপ্ত ঘোষণা করেন

সভাপতি

তারিখঃ ২৬/১০/২০২৩ খ্রিঃ

(মোঃ রাকিব হোসেন চৌধুরী)
চেয়ারম্যান
১ নং কামারখালী ইউনিয়ন পরিষদ
মধুখালী, ফরিদপুর।

স্মারক নং-কামার/ইউপি/মধু/ফরিদ/২০২৩/ তারিখঃ ২৬/১০/২০২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হইল।
১। মাননীয়, উপপরিচালক (ভারপ্রাপ্ত), ফরিদপুর।
২। মাননীয়, উপজেলা নির্বাহী অফিসার, মধুখালী, ফরিদপুর।
৩। অফিস কপি।